# Penn Station Access

*Four new stations in the East Bronx with direct Metro-North service to Penn Station, Westchester and Connecticut*



## মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি মেট্রো-নর্থ রেইলরোড পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পের জন্য পরিবেশগত মূল্যায়ন এবং খসড়া ধারা 4(f) মূল্যায়নের জন্য ভার্চুয়াল জনসভা ও উপলভ্যতার বিজ্ঞপ্তি

আমরা আনন্দের সাথে আপনাকে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (MTA) মেট্রো-নর্থ রেইলরোড পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পের জন্য পরিবেশগত মূল্যায়ন (EA) এবং খসড়া ধারা 4(f) মূল্যায়ন পর্যালোচনার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

MTA পেন স্টেশন নিউইয়র্ক অভিমুখী ও বহির্মুখী মেট্রো-নর্থ যাত্রীবাহী রেল পরিষেবার সূচনা করার জন্য পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পের প্রস্তাব করছে। পূর্ব ব্রঙ্কস এর হান্টস পয়েন্ট, পার্কচেস্টার/ভ্যান নেস্ট, মরিস পার্ক এবং কো-অপ সিটিতে চারটি নতুন ADA-প্রবেশযোগ্য মেট্রো-নর্থ স্টেশন নির্মিত হবে। এই চারটি নতুন যাত্রীবাহী রেল স্টেশন এবং রেলপথের অবকাঠামোতে উল্লেখযোগ্য উন্নতির সাথে সাথে পেন স্টেশন অ্যাক্সেস স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করবে এবং কম পরিষেবাযুক্ত অঞ্চলে প্রবেশযোগ্যতা বৃদ্ধি করে আঞ্চলিক প্রতিভাকে আকৃষ্ট করবে। এটি Amtrak (অ্যামট্র্যাক)-এর হেল গেট লাইনটিকে ভাল মেরামতের অবস্থায় নিয়ে আসবে এবং ইন্টারসিটি যাত্রীদের জন্য নির্ভরযোগ্যতা এবং যথাসময়ে ট্রেন চলাচলের উন্নতি ঘটাবে। আমাদের যাত্রীদের জন্য নির্ভরযোগ্যতা উন্নত করে এবং ন্যায্যভাবে ট্রানজিট বিকল্পগুলোকে সম্প্রসারিত করে, আমরা আমাদের আঞ্চলিক পরিবহন ব্যবস্থার রূপান্তর ঘটাচ্ছি।

EA এবং খসড়া ধারা 4(f) মূল্যায়ন প্রস্তুত করা হয়েছে 1969 সালের জাতীয় পরিবেশ নীতি আইন (National Environmental Policy Act, NEPA); ফেডারাল ট্রানজিট অ্যাডমিনিস্ট্রেশন (Federal Transit Administration, FTA) এবং FHWA-এর পরিবেশগত প্রভাব এবং সংশ্লিষ্ট কার্যপদ্ধতি (23 C.F.R. পার্ট 771); 6 NYCRR পার্ট 617 SEQRA-এর আবশ্যকতা; NEPA (40 C.F.R. 1500) বাস্তবায়নকারী CEQ বিধিমালা; 1966 সালের NHPA-এর ধারা 106; 1966 সালের মার্কিন DOT আইনের ধারা 4(f); কার্যনির্বাহী আদেশ 12898, এবং অন্যান্য প্রযোজ্য ফেডারাল নিয়ম ও বিধি-বিধান অনুসারে। MTA হল প্রস্তাবিত প্রকল্পটির স্পনসর। FTA হল নেতৃত্বকারী ফেডারেল এজেন্সি।

প্রকল্পটির ওয়েবসাইটে (PennStationAccess.info) EA এবং খসড়া ধারা 4(f) মূল্যায়ন পাওয়া যাবে। পুরো EA এর ফ্ল্যাশ ড্রাইভ এবং/অথবা কার্যনির্বাহী সারসংক্ষেপের কাগজের কপি (ইংরেজি বা স্প্যানিশ) অনুরোধ সাপেক্ষে বিনামূল্যে পাওয়া যাবে। EA-র হার্ড কপি (ফ্ল্যাশ ড্রাইভে পরিশিষ্ট সহ) PSAOutreach@mtacd.org এ ইমেল করে কেনার জন্য উপলভ্য আছে।

EA-র হার্ড কপিগুলো কেবলমাত্র নিম্নলিখিত স্থানগুলোতে অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার মাধ্যমে জনসাধারণের পরিদর্শনের জন্য উপলভ্য আছে। 718-560-3268 নম্বরে কল করে অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুরোধ করা যেতে পারে।

**Bronx Jewish Community Council (ব্রঙ্কস জুইশ কমিউনিটি কাউন্সিল)**
2157 Holland Ave
Bronx, NY 10467

**Morris Park Community Association (মরিস পার্ক কমিউনিটি অ্যাসোসিয়েশন)**
1824 Bronxdale Ave
Bronx, NY 10462



লিখিত মন্তব্যকে স্বাগত জানানো হবে এবং ডাকযোগে (নীচে সরবরাহকৃত ঠিকানা), ইমেইলের মাধ্যমে (PSAOutreach@mtacd.org) অথবা উপরে উল্লিখিত প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে জমা দেওয়া যেতে পারে। **মন্তব্যগুলো অবশ্যই জুলাই 3, 2021 তারিখের মধ্যে গৃহীত হতে হবে।**

**লিখিত মন্তব্য ডাকযোগে পাঠান:**
MTA Government & Community Relations
Re: Penn Station Access EA
2 Broadway, D17.140
New York, NY 10004

### জনসভায় যোগ দেওয়ার জন্য নির্দেশাবলী

প্রকল্পটির জন্য EA এবং খসড়া ধারা 4(f) মূল্যায়ন সম্পর্কিত মন্তব্য গ্রহণের জন্য MTA একটি জনসভার আয়োজন করছে। COVID-19 অতিমারী এবং জনসমাগমের উপর বিধিনিষেধের কারণে (কার্যনির্বাহী আদেশ 202.94) Zoom ওয়েবিনার ব্যবহার করে ভার্চুয়াল সভা হিসাবে জনসভাটি পরিচালিত হবে।

জনসভায় মৌখিক মন্তব্য গৃহীত হবে। স্প্যানিশ অনুবাদ, CART ক্যাপশনিং এবং অ্যামেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ পরিষেবা পাওয়া যাবে। যদি অতিরিক্ত কোনো ভাষা সহায়তা বা কোনো স্বাচ্ছন্দ্যবিধানের প্রয়োজন হয়, তবে জনসভার কমপক্ষে তিন কার্যদিবস পূর্বে PSAOutreach@mtacd.org-এ বা সকাল 6টা থেকে রাত 10টার মধ্যে পাবলিক মিটিং হটলাইনে 646-252-6777 নম্বরে কল করে অনুরোধ জমা দিন। Si necesita una traducción, por favor comuníquese con PSAOutreach@mtacd.org o 646-252-6777.

**সভার তারিখ এবং সময়:** জুন 15, 2021, সন্ধ্যা 6:00 – 8:00 টা।

**সভা সম্পর্কিত তথ্য:**

*Zoom ওয়েবিনার লিংক:*

https://mta.zoom.us/j/86180485626

ওয়েবিনার আইডি: 861 8048 5626

*ডায়াল-ইন তথ্য:*

+1 877 853 5247 মিটিং আইডি: 861 8048 5626

*বক্তা নিবন্ধনের লিঙ্ক:*

https://mta-nyc.custhelp.com/app/hearings/register/h_id/64

**বক্তা নিবন্ধনের শেষ সময়:** জুন 15, 2021, সন্ধ্যা 6:30 টা

ভার্চুয়াল জনসভায় কথা বলার জন্য নিবন্ধন করতে উপরের লিঙ্কটি অনুসরণ করুন বা সকাল 6টা থেকে রাত 10টার মধ্যে পাবলিক মিটিং হটলাইনে 646-252-6777 নম্বরে কল করুন। মৌখিক মন্তব্যের জন্য সময়সীমা হল দুই মিনিট। আপনি মৌখিক সাক্ষ্য উপস্থাপন করতে পারেন বা প্রস্তাবিত প্রকল্প সম্পর্কিত মৌখিক সাক্ষ্যের পরিবর্তে বা এর সম্পূরক হিসাবে লিখিত বিবৃতি জমা দিতে পারেন।

অংশগ্রহণ সম্পর্কিত সহায়তার জন্য অনুগ্রহ করে পাবলিক মিটিং হটলাইনে 646-252-6777 নম্বরে সরাসরি প্রশ্ন করুন।